

গ্লোবাল একশন সপ্তাহ ২০০৯ উদযাপন (২০-২৬ এপ্রিল)

(গতকালের পর)
 এই মেলায় সাইটসেভার ইন্টারন্যাশনাল এবং সেন্টার ফর ডিক্রিএবিলিটি ইন ডেভেলপমেন্ট দৃষ্টি প্রতিবেদীদের জন্য তৈরি বিভিন্ন শিক্ষা উপকরণ প্রদর্শন করে। তারা ব্রেল শিক্ষাক্রম, রাইটিং ফ্রেম, টাইপ রাইটার, ব্লক দৃষ্টিসম্পন্নদের জন্য উপকরণ ও সাইন ম্যাগনেটয়েজের বই প্রদর্শন করে, যা মেলায় আগত দর্শকদের দৃষ্টি আকর্ষণ করে।
 উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তর শ্রমজীবীদের জন্য তৈরি শিক্ষা উপকরণ প্রদর্শন করে। অন্যান্য সংগঠনের তৈরি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ক উপকরণ মেলায় আগত তরুণ দর্শনার্থীদের মনোযোগ আকর্ষণ করে।
 বিভিন্ন ধরনের শিক্ষা উপকরণ প্রদর্শনের পাশাপাশি পপুলার কমিউনিকেশনের মাধ্যমে শিক্ষা সম্পর্কিত তথ্য বিস্তারনের জন্য দুই দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। মোট ১২টি সংগঠন এই সাংস্কৃতিক অনুষ্ঠানে গান, নাটক, প্যাপেট শো ও নৃত্য প্রদর্শন করে।
 নওগাঁ থেকে আগত আদিবাসী দল, সুরভী, অপরাভেজয় বাংলাদেশ, ইউসেফ-বাংলাদেশ, উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তর, সেন্টার ফর আরবান পুওর, কেয়ারিং গ্রোথ, সাইটসেভার ইন্টারন্যাশনাল এর কার্যক্রমের আওতাভুক্ত সুবিধাবঞ্চিত শিশুরা এই সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করে।
 পাশাপাশি এডুকেশনাল প্যাপেট ডেভেলপমেন্ট সেন্টার, জাগো, সেন্টার ফর এশিয়ান ডিরেক্টর, বাউল অরুণ রাই ও তার দল এই সাংস্কৃতিক পরে অংশগ্রহণ করে।
 শিক্ষক, অভিভাবক, শিক্ষাবিদ, রাজনৈতিক নেতা, পপমধ্যম ব্যক্তিত্ব এবং সরকারের সংশ্লিষ্ট দপ্তরের বিভিন্ন প্রতিনিধিও এই মেলা পরিদর্শন করেন।
 প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে শিক্ষক সমিতির সঙ্গে আলোচনা মানসম্মত শিক্ষা : শিক্ষকদের এজেন্ডা মানসম্মত শিক্ষার সঙ্গে মানসম্মত শিক্ষকের একটি নিবিড় যোগসূত্র

রয়েছে। সবার জন্য শিক্ষা নিশ্চিতকরণের ক্ষেত্রেও রয়েছে শিক্ষক সম্প্রদায়ের ব্যাপক ভূমিকা। এ বিষয়টির ওপর গুরুত্ব দিতে গ্লোবাল একশন সপ্তাহ (GAW) উদযাপন উপলক্ষে ২৪ এপ্রিল, ২০০৯ গণসাক্ষরতা অভিযান কার্যালয়ে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে শিক্ষক সমিতিগুলোর সঙ্গে আয়োজন করা হয় 'Quality Education: Teachers' Agenda' শীর্ষক দিনব্যাপী একটি পরামর্শ সভা। পরামর্শ সভায় গণসাক্ষরতা অভিযান বিভাগে শিক্ষক সমিতিগুলোর সঙ্গে সংযুক্ত হতে পারে এবং Quality Education-এর লক্ষ্য অর্জনে সমিতিগুলো একযোগে কাজ করতে পারে- এ ব্যাপারে একটি যৌথ ইশতেহার প্রস্তুত করা এবং এ বিষয়ে সরকারের যথাযথ কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করারও পরিকল্পনা করা হয়।
 'Quality Education: Teachers' Agenda' শীর্ষক দিনব্যাপী পরামর্শ সভায় প্রাথমিক পর্যায় থেকে ৫টি সংগঠনের ১৩ জন এবং মাধ্যমিক পর্যায় থেকে ৩টি সংগঠনের ৭ জনসহ মোট ২০ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন। পরামর্শ সভায় ঊর্ধ্বোক্ত করেন অভিযানের ভারপ্রাপ্ত পরিচালক মুহাম্মদ আজিজুল হক এবং তথ্যভিত্তিক ব্যক্তি হিসেবে উপস্থিত ছিলেন ASPBAE-এর সাউথ এশিয়া এডভোকেসি কো-অর্ডিনেটর মুনতাসিম তানভীর।
 গণসাক্ষরতা অভিযান-এর কার্যক্রম ব্যবস্থাপক কেএম এনামুল হক অনুষ্ঠানে সম্মেলকের দায়িত্ব পালন করেন।
 পরামর্শ সভায় আসা শিক্ষকগণ আলোচনার ভিত্তিতে পরিকল্পনা প্রণয়ন ও কর্তৃত্ব নির্ধারণ করেন। অংশগ্রহণকারীরা যেসব বিষয় আলোচনা করেন সেগুলো হচ্ছে : মানসম্মত শিক্ষা, মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে প্রতিবন্ধকতা, মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে করণীয়, বিদ্যমান শিক্ষা ব্যবস্থা উন্নয়ন ও শিক্ষকদের মানোন্নয়ন-এ করণীয় ইত্যাদি।

আলোচনা শেষে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার মানোন্নয়নে শিক্ষক সংগঠনগুলোর পক্ষ থেকে কিছু গুরুত্বপূর্ণ সুপারিশ পেশ করা হয়।
 মাধ্যমিক শিক্ষার মানোন্নয়নে শিক্ষক সংগঠনের সুপারিশগুলোর মধ্যে অন্যতম ছিল :
 * মাধ্যমিক স্তরের শিক্ষার নীতিনির্ধারণী বিষয়ে মাধ্যমিক শিক্ষক সংগঠনের প্রতিনিধিদের সম্পৃক্ত করা।
 * সরকারের সঙ্গে শিক্ষক সংগঠনগুলোর দূরত্ব কমানো প্রয়োজন।
 * মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে সরকারের নীতিনির্ধারণের ক্ষেত্রে সংগঠনগুলোকে ইতিবাচক ভূমিক পালন করার সুযোগ দেয়া।
 * মাধ্যমিক শিক্ষার জন্য নির্ধারিত বাজেট অন্য কোন ঝাতে ব্যয় না করা।
 * বিষয়ভিত্তিক শিক্ষকদের সরকারি ব্যবস্থাপনায় যুগোপযোগী ধারাবাহিক প্রশিক্ষণের ব্যবস্থা করা।
 * নতুন মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠা করা।
 * প্রতিবেদীদের মাধ্যমিক স্তরের শিক্ষকদের সুযোগ-সুবিধার অনুরূপ আমাদের দেশের মাধ্যমিক শিক্ষকদের সুযোগ-সুবিধা নিশ্চিত করা।
 * গণসাক্ষরতার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহোদয়ের সঙ্গে সাক্ষাৎ করে মাধ্যমিক শিক্ষার সমস্যা নিয়ে আলোচনা করা।
 * মাধ্যমিক স্তরের শিক্ষক সংগঠনগুলোর মতভেদ কমিয়ে ঐক্যবদ্ধভাবে কাজ করার মানসিকতা সৃষ্টি করা।
 * মাধ্যমিক শিক্ষকদের বেতনভেদ অনুযায়ী সামাজিক মর্যাদা নিশ্চিত করা।
 গণসাক্ষরতা অভিযান বিগত বছরগুলোতে বিভিন্ন ইস্যুতে শিক্ষা ক্ষেত্রে গঠনমূলক পরিবর্তনের লক্ষ্যে দেশের শিক্ষক সংগঠনগুলোর সঙ্গে একযোগে কাজ করেছে। আশা করা হচ্ছে, আগামী দিনগুলোতে শিক্ষা ক্ষেত্রে গণগত পরিবর্তনের লক্ষ্যে সবার যৌথ প্রচাস অব্যাহত থাকবে।
 চলবে
 |সাক্ষরতা বুলেটিন, আঘাট ১৪১৬, জুন ২০০৯|